

মৎস্যবীজ উৎপাদন খামার, চৌমুহনী, নোয়াখালী এর সংক্ষিপ্ত ইতিহাস

১৯৬২ সালে নোয়াখালী জেলার মৎস্যচাষীদের মধ্যে কার্প জাতীয় মাছের গুণগত মানসম্পন্ন রেনু ও পোনা সরবরাহ করার উদ্দেশ্যে বেগমগঞ্জ উপজেলাধীন চৌমুহনী পৌরসভাস্থ ৮নং হাজিপুর ইউনিয়নে প্রতিষ্ঠিত হয় মৎস্য বীজ উৎপাদন খামার। এই খামারে ছোট-বড় মোট ০৮ টি পুকুর রয়েছে। উহার জলায়তন ৩.২৫ একর। বর্তমানে এই খামারটিতে ০১টি চিংড়ি হ্যাচারী, ০১টি সংস্কারযোগ্য কার্প হ্যাচারী রয়েছে। এই ছাড়া সংস্কারযোগ্য কার্প হ্যাচারীটি উৎপাদনশীল করার জন্য “বিদ্যমান মৎস্য খামারসমূহের অবকাঠামো উন্নয়ন প্রকল্প-১ম পর্যায়” এর আওতায় বিগত ২০/০১/২০২৬ খ্রিঃ তারিখ হতে সংস্কারের কাজ চলমান আছে।

অন্যান্য স্থাপনার মধ্যে রয়েছে অফিস ভবন- ০১টি, আবাসিক ভবন- ০১টি, ওভারহেড ট্যাংক- ০২টি, সার্কুলার ট্যাংক-০৫টি, সিস্টার্ন- ০৮টি, হ্যাচিং জার(বোতল)- ০৮টি, গোড়াউন-০১টি, প্রশিক্ষণ কেন্দ্র-০১টি। খামারটিতে মোট পদ আছে ০৮ টি কিন্তু বর্তমানে ১ জন খামার ব্যবস্থাপক(অঃদাঃ), ১ জন অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, ১ জন অফিস সহায়ক, ১ জন ফার্মগার্ড, ১ জন হ্যাচারী এটেনডেন্ট সহ মোট জনবল আছে ৫ জন।